বংসরের চেরে ইরিগেসান ক্যাপাসিটি বেড়েছে। প্রভাকসানও যতটা বাড়া উচিত ততটা না বাড়লেও বেড়ে যাছে। কিন্তু সংশ্য সংশ্য রিফিউজী হিসেবে প্রায় ৩২ লক্ষ্ণ লোকের আগমন এবং দেশে ক্রমহার দিনের পর দিন বেড়ে যাওয়ার ফলে যে প্রভাকশন বেড়েছে তা ম্বারা চাহিদার সংগ্য থাপ থাওয়াতে পারা বাছে না। এজনা সরকারকে দায়ী করলে ভুল করা হবে। এজনা দেশের সমসত লোককে বিশেষ করে গ্রামের জনসাধারণকে সচেতন হতে হবে। বহু দিনের পরাধীনতার ফলে দেশের মধ্যে প্রাণের জাঁগরণ, প্রাণের সাড়া কম পাওয়া গেছে যাও বা পাওয়া গেছে সরকারের তরফে পরিকল্পনাগ্লির ভিতর একটা গালদ থাকায় যতটা কাজ হওয়া উচিচ ছিল ততটা হছে না। যেমন সরকারের পরিকল্পনা যায় রাইটার্স বিল্ডিং হতে বড় বড় অফিসারের কাছ থেকে, সেই পরিকল্পনা যথন যাছে পল্লীগ্রামের পল্লীবাসীগণ তা ঠিকভাবে ধরতে পারে না। ধরনে ইরিগেশনের কথা

Rupees from where it comes and where it goes

তাতে এই জিনিস দেখতে পাওয়া যায়। ইরিগেশন সম্বন্ধে যে প্রাফিক স্টেটমেন্ট যে আছে তাতে গত দ্বংসর এ্যালটমেন্ট যা ছিল তা থেকে কমিয়ে দিয়েছেন। তিন বংসর আগে সে খরচটা আরও বেশি ছিল। কিন্তু এড়কেশন খাতে

Road construction and other development as a whole

গভর্ন মেল্টের খরচ বেশি হচ্ছে। কিল্কু ইরিগেশনএর টাকা তুলনা করলে দেখা যাছে আগের চেয়ে বাড়ার বদলে কমে গেছে।

বাস্তবিক আজ যখন আমাদের বাংলাদেশের প্রধান সমস্যা হচ্ছে থাদাসমস্যা এবং প্রতি বংসরই এই খাদের ঘার্টাতর জন্য গভনমেন্টকে ব্যতিবাসত হতে হচ্ছে তথন এ সম্বন্ধে আমি একটা সাজেসন দিয়ে তার প্রতি গভনমেন্টের দৃণ্টি আকর্ষণ করতে চাই। সরকারের বহু জাম এরকম আছে যেগুলি হচ্ছে

rocky, undulated land

যেখানে জলের কোন ব্যবস্থা নাই, সেখানে বড় বড় পরিকল্পনা ছেড়ে যদি minor irrigation scheme

করা পাহাড় জণগল থেকে যে ছোট ছোট নদী বয়ে আসছে তাই থেকে যদি ছোট ছোট ডাম ক'বে বা প্রেনো প্রুর যেগ্লিল আছে তার পঞ্চোশার করে ছোট ছোট ছার ইরিগেশনএর কাজে লাগাই তাইলে তাশ্বারা চাযের উপকার হবে এবং কাজের অভাবে যেসব চাষাঁকে বসে থাকতে হয় তার কাজ পাবে। চাষাঁদের যথনই ভাল করে চাষ করার কথা বলতে চাই তারা বলে আমাদের উপ্লত-ধরণের বাঁজ দাও, ভাল গর্ দাও বা কাটেল পাচেজিএর লোনএর টাকা বাড়াও যতে আমরা ভাল করে চাষ করতে পারি। কিন্তু আর যে বন্দোবসতই চাযের জনো করা হোক না কেন সেচনেব জল না হলে কিছুই হবে না। অবশা একথাও আমরা জানি যে মাইনর ইরিগেশন ন্বারা অবস্থাব উপ্লতির জনা সরকার অনেক কিছু করেছেন সেজনা ধনাবাদ জানাছি তারা যে রিলিফ দিয়ে মান্যকে বাঁধিয়ে রেখেছেন এজনাও ধনাবাদ কিন্তু যে কোটি কোটি টাকা ফোমন এবং বিভিন্ন রিলিফ খাতে বায় করা হছে সেই টাকা দিয়ে যাছেন কিন্তু সেই টাকা যদি কোন স্থায়া কাজে লাগছে না আমরা চাই ডেভেলপমেন্ট করতে খাদাসমস্যার সমাধান যাতে হয় তাই করতে। অথচ সেজনা ত টাকার দরকার কিন্তু টাকা কোথায়? সেজনা টাল্ল ধার্য করাও ম্শাকল এ বাজেটে টাল্ল ধরার পরিক্ষণনা নাই আনন্দের কথা। কিন্তু যে লান্ড আমাদের আছে তাতে কি কবে বেশি প্রভাকশন করতে পারি তার যাতে ভাল বাবস্থা করা যায় তা আমাদের সরকারের করা প্রয়োজন।

[6-40-6-50 p.m.]

স্যার, আজকে জামাদের দেশে কাউডাং নিরে জনালানো হচ্ছে। আমি 'আওরার ইন্ডিরা' ব'লে একটা বই পড়েছিলাম তাতে লেখা অনুছে

to burn a cake of cow dung is to burn a five-rupee note.

अको भाँठ गेकात त्नावे भाषात्मा या अको घर्टे भारकात्मा ठाई। काटक स्वत्य

গোলার বাতে গোড়াতে না পারে তার জন্য আমাদের স্টেটে একটা লেজিসলেশন করা দরকার। তার সাবাস্টিটিউট হিসাবে অন্যান্য ফিউয়েল সাম্পাই করা হোক, জপাল বাড়াবার ব্যবস্থা করা হোক। প্রফ্লেরাব্ সেদিন বলেছেন যে, গোবর থেকে সার হচ্ছে, আবার থবরের কাগজে সেদিন দেখালাম যে, গোবর থেকে গ্যাস বের করবার চেণ্টা হচ্ছে

without spoiling the manure capacity of the cow dung.

এবং সেই গ্যাস দিয়ে ফিউয়েল এবং আলো জনালার কাজে লাগাবার বাবস্থা করা হচ্ছে। আমরা ধান বাড়াবার কথা চিন্তা করছি, খাদা বাড়াবার কথা চিন্তা করছি। ডাঃ প্রফল্লচন্দ্র ছোব দ্ব বাড়াবার কথা, ফলের উৎপাদন এবং ভেজিটেবল বেশি করে গ্রো করার কথা বলেছিলেন। আমরা গভর্মরের স্পীচে দেখেছি যে, দৈনিক হরিণঘাটাতে ১ লক্ষ্পাউন্ড দ্বে আমাদের হচ্ছে এবং ১-১ বছরের মধ্যে এটা বেডে ৪ লক্ষ পাউন্ড হবে। কাজেই আমাদের জাট প্রোভাকশন বাড়ছে, দুধের প্রোডাকশন বাড়ছে—এর সংগ্যে সংগ্যে আমাদের মাছের প্রোডাকশন বাড়াবার বাবস্থা করা দর্কার। প্রোনো প্রুরগালিকে যদি আমরা সংস্কার করি তা হ'লে তাতে ইরিগেশনের কাজও शत अवः किनअत প्राज्ञकनन्छ शत। आत अक्षे कथा वनरू हाई स, आमास्तर वर, काराना েড পড়ে আছে, সেখানে বড় বড় কুয়া (এগ্রিকালচার ওয়েল) ক'রে ইরিগেশন ব্যবস্থা করতে श्या आयता वहत मुद्दे धरत সारक्ष्यमन मिक्टि माहेनत हैतिरागतन कना-आमारमत स वह ফালো ল্যান্ড পড়ে আছে সেখানে পাম্পিং সিস্টেমএর শ্বারা কম খরচে সেচের বাবস্থা হ'তে পারে কিন্তু গভর্নমেন্ট বলেন, আমাদের হাতে টাকা নেই অথচ তারা বড় বড় স্কাম করছেন এবং রিলিফ খাতে বহু টাকা বায় করছেন। এইসব প্রোডাকশনএর প্রাচানং, খাদ্যসমস্যা সমাধানের প্ল্যানিং অভিজ্ঞ (এক্সপিরিয়েশ্সড) কাল্টিভেটরদের কাছ থেকে নেওয়া উচিত। রি-অর্গানিজেশন অব ল্যান্ডস, টেকনিক্যাল মেথড এবং ফাইনান্স-এই তিনটে জিনিস বদি আমরা একরে চালাতে না পারি তা হ'লে প্রোডাকশন কখনও দেশে বাড়তে পারে না। আমাদের খাদা বাড়াবার কাম্পার্সিট তেমন নেই, সংগ্যে সংগ্যে আনএম স্বায়মেন্ট বেড়ে যাছে, এড়কেশন বাড়লে লোকে কাজ চায়, লোকে চায় কি করে ভালমান্ধের মত খেয়ে-পরে থাকতে পারি এবং সেজনা কটেজ ইন্ডান্ট্রিজ, স্মল দেকল ইন্ডান্ট্রিজ খোলা হচ্ছে, ১২৬টা স্কামের জন্য ৩ কোটি ৪৬ লক্ষ টাকা দেওয়া হচ্ছে, বিশেষ ক'রে কল্যাণীতে স্পিনিং মিল খোলা হচ্ছে, দুর্গাপুরে কোক ওভেনের কারথানা খোলা হচ্ছে। আরও ছোট ছোট ইন্ডাস্ট্রিজ খুলে যাতে সেখানে যুবকদের কাজ দেওয়া হয় তার বাবস্থা করা দরকার। শুধ্ব তাই নয়, ছেলেদের এগ্রিকালচারাল স্কুলে ট্রেনং দেওয়ার ব্যবস্থাও করা দরকার। ছোট ছোট টেকনিক্যাল স্কুল যে ২-৪টা খোলা ইচ্ছে তার জনা আমি সরকারকৈ ধনাবাদ দিচ্ছি। কিন্তু আমি জিল্ভাসা করি যে, কোন্ কাজটা আমরা আগে করব? আগে পিলার গাঁথব, না, আগে ঘরের দেওয়াল গাঁথব? আগে কি করে ভাল ক'রে থেতে পাই তার বাবস্থা করা দবকার তারপর লেখাপড়া। অফিসারদের জনা বড় ব্রু পাকাবাড়ি হচ্ছে বটে কিন্তু তার আগে দেখতে হবে কি ক'রে গরিব চাষীভাষেদের প্রোডাক-শ্ন বাড্তে পারে। তারপর ল্যাক ক্রপের কথা আমি বলব-ল্যাক ব'লে একটা জিনিস আছে. এর উৎপাদনের দিকে সরকারের বিশেষভাবে দর্ভিট দেওয়া দরকার। এবং বাতে কারে এই ইন্ডান্ট্রি নন্ট না হয়ে আরও বাড়ে তার বাকস্থা করা উচিত।

fAt this stage the blue light was lit.]

আমার আর সময় নেই মাইনর ইরিগোশন সিস্টেম যাতে আমাদের দেশে ভালভাবে হয় সেদিকে সরকারের দুখিট দেওয়া উচিত। এই ব'লে আমি এই বাজেটকৈ সমর্থন জানাছি।

8j. Phakir Chandra Ray:

মাননীর অধাক্ষ মহালর, আমাদের সামনে মুখামণ্টী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট পেশ করতে গিরে তিনি বক্কৃতা দিরেছেন যে, সারা ভারতে শিলেপালরন হরেছে। দেশের জন-সংখ্যা বৃন্ধির সমস্যা, বেকার সমস্যা, এই দুই সমস্যা সমাধানের জন্য শিলেপালরনের দরকার আছে এটা ঠিক। কিন্তু তা বদি করতে হয় তা হ'লে দেশকে খাদ্যে স্বরংসম্পূর্ণ করতে হবে। দুঃধের বিষয় যে দেশকে খাদ্যে স্বরংসম্পূর্ণ করার জনা উপায়্ত ব্যবস্থা সরকার নেন নি। বহু বক্স আগে ব'লে গেছেন যে, কৃষিখাতে বিশেষ ক'রে সেচ খাতে ব্যরের বরান্দ ক্মানো হরেছে। সামগ্রিকভাবে ল্যান্ড মার্টগেজ ব্যান্ক, সমবার ব্যান্ধের হিসাব থেকে দেখা বার বে, সাধারণভাবে কৃষিখাতে ষেসমস্ত খরচ ধরা হয়েছে তাতে সত্যিকারের ফলন বৃন্ধির যে পরিমাণ বার করা দরকার তা বার করা হয় না। যা ধরা হয় তাও বারিত হয় না। একটা মজার কথা য়ে, জিসেন্বরের শেষে এবং ফেরুয়ারির মধ্যে সমস্ত কাজ শেষ করে দেবার চেণ্টা ইয়। এই ধরনের সরকারী অর্থ বায় করার চেণ্টা পরিবর্তন করা দরকার। না হ'লে কিছু হবে না। ফসলের ফলন যদি বাড়াতে হয় তা হ'লে কেবল সার, বীজ এবং সেচ দিলে চলবে না আর একটা বড় জিনিস হছে যে, চাষীকে তার ফসলের নারী দর দিতে হবে। অর্থাং যাকে ইকনমিক প্রাইস বলে তা দিতে হবে। আমি একটা কথা বলব। গত প্রাবণ-ভাপ্র মাসে ধানের মণ ষেখানে ১৫ থেকে ১৭ টাকা সেখানে অধিকাংশ গরিব চাষীকে বায়ি করে ধান খেতে হয় অর্থাং ২০-২৫ টাকায় শোধ দিতে হবে ব'লে খত লিখিয়ে দিতে হয় মহাজনকে। গরিব চাষীর ঘরে বখন ধান ওঠে তখন ধানের দাম সবচেয়ে কম। অর্থাং যে এক মণ ধান নির্মেছল শোধ দেবার সময় দেখা গেল তাকে ৩ মণ দিতে হ'ল। গরিব চাষী যা ধান উৎপন্ন করল দেখা গেল সেসব মহাজনদের ঘরে গিয়ে উঠল। তারপর ধানের দর যখন বাধা হ'ল তখন দেখা গেল যে, মাঝারি চাষী এবং বড় চাষী তাদের ঘরে তখন ধান নেই ব'লে তারাই সত্যিকারের গভনমিন্ট প্রাইস কন্টোলকের রিলিস করেছে।

[6-50-7 p.m.]

বারা মাঝারি চাষী, বারা বড় চাষী তাদের নাকি মন্তিমহাশয় বলেছেন, হোলিডং ক্যাপাসিটি বেডেছে: কিন্ত সতিটে বাডে নি—তাদের সমস্ত রকম জিনিসপত্র, সোনার গহনা ইতাদি ব্যাওেক মর্টপেঞ্চ দিয়ে টাকা নিতে হচ্ছে। ধানের দর বাড়তে পারে এই ভেবে তারা সরকারী দরে বেচে নি—ধ'রে রে**থেছিল। কিন্তু** জোতদার, বড় বড় চাষী যারা আইনভপা ক'রে ৪০০ ৷৫০০ মণ ধান ধ'রে রেখেছে তাদের ধরবার জন্য কি করেছেন সরকার? সরকার সেরকম কোন অর্গ্যানিজেশনও নাই, কেননা, একজন বড় জোতদ।রের ঘরে কোন একটা গোলা নাই ধান ধ'রে রাখবার। কান্সেই আসল কথা হচ্ছে, ইন্ডান্ট্রিয়ালাইজ করুন, আর যাই করুন, যদি আমাদের দেশের খাদাসমস্যার সমাধান করতে হয় তা হ'লে চাষীকে ইকর্নামক ও ফেয়ার প্রাইস দিতে হবে। র্যাদ মার্যাকে উপযুক্ত ও ন্যায়া ধানের দর দিতে পারেন, তাকে ভাল বীজ, যথাসময়ে জলসরবরাহ এবং জ্বীবনধারণের অন্যান্য অত্যাবশাকীয় কাপড়-চোপড় ইত্যাদি দিতে পারেন তা হ'লে ষেভাবে দর বে'ধেছেন তাতে চাষীর আপত্তি হবে না। যদি কোন প্ল্যান সাকসেসফ,ল করতে হয় তা হ'লে সকলের আগে প্রায়েরিটি দিতে হবে খাদাকে এবং যদি খাদাসমস্যার সাক্সেসফলে সমাধান করতে হয় তা হ'লে খাদ্যোৎপাননে যাতে চাষীদের উৎসাহিত ক'রে পূর্ণ সহযোগিতা পাওয়া যায় সেই বাবস্থা করতে হবে। আপনারা যতই স্ল্যানিং কর্ন, চাষীকে মেরে ইন্ডাস্ট্রিয়ালাই-**क्रमान** अत्र भागन माकरमम् कता वारव ना। अत्नरकर क्रात्मन त्रामग्राग्न यथन भ्यागिनः रय তখন জোর ক'রে কার্লেক্টিভাইজেশনএর প্রোগ্রাম নেওয়া হয়, ফলে চাষীদের তরফ থেকে বাধা আসে এবং দ্টালিনএর মত নেতাকেও পিছ, হটতে হয়েছিল। যাই হোক, আমাদের এখানে ডিক্টেটরশিপ নাই, আমাদের এখানে গণতন্ত্র। সেখানে বদি চাষীকে মেরে, চাষীর উপর অত্যাচার ক'রে খাদা সমস্যার সমাধান করা যাবে এই কথা কেউ ভেবে থাকেন, তা হ'লে মারাম্বক ভল করা হবে। তা হ'লে প্লানিং কখনও সাক্সেসফলে হবে না।

Sj. Panchanan Bhattacharjee: Mr. Speaker, Sir, unfortunately biblical tendency is cropping up in my head. As for example, Dorina begot Madorina for fishing in governmental troubled waters. Madorina begot a seat in the Legislative Council, and a seat in the Council begot a seat in a cosy little room in the Writers' Buildings. The Hon'ble Food Minister has been able to beget a valiant knight errant in his assistant for solving the food problem. The result has been that the quantum of stone chips has increased and a recent specimen has proved that it is now two to two and a half chataks per seer. I had ironically asked a gentleman whose case is pending before a court of law-about his anti-social activities. He said "Government is not in a position to say what quantity of stone chips in rice will make it adulterated, simply because in Government godowns specimens will prove that it is going up". So the only solution is the mixture of cement along with stone chips which will concretise our stomach and there

will be less necessity for food. The Chief Minister in his Budget speech has given certain feelers and cautiously avoided dismal ones. For his informa-tion I am putting forward certain very broad statistics. The price of raw materials during the last decade—such raw materials as are used for the manufacture of consumer goods-has gone up by 25 per cent. The cost of production due to higher wages and other things has gone up by about 30 per cent., but the sale price of consumer goods has gone up only by 13 per cent. And how to explain away this gap? This is a result of loss of purchasing power of people at large, but the gap is being made up by the sale of commodities the purchase of which cannot be avoided, namely, rice, dal, salt and other things. That is why the Government is moving about in a labyrinth, hopelessly moving about by fixing up maximum and minimum and manimum an mum prices, and so on and so forth. If you do not have the idea that this is the result of inflation, inefficiency and corruption—these three taken together-then no way out of this labyrinth can be found out. The way out, as I suggested in my speech during the previous session of this House is this: you could have given bonus to the cultivators instead of creating havoc when the sign of deflationary tendency in the country-that was most unscientific on your part - setting in. The result could have been disastrous. You could have granted bonus for production. The cultivators must be given incentives. Even in Russia Marshal Khruschev has taken a new line. In China even in Communes they grant incentives In Ceylon they grant incentives per maund of rice and the result has been that there has been a rise of 50 per cent. in production. So you could have granted incentives to the cultivators per maund of rice instead of creating havor, doing lanka kando in respect of deflationary tendency in the country.

[7-7-10 p.m.]

The way out is not visible to you and I know you won't move an inch from where you stand. I have pointed out that inflation, corruption and inefficiency these are the symptoms of the chronic diseases which have encompassed or which are eating into the vitality of the whole administrative system in the State of West Bengal. You have got an enigma as regards even population but do you know that during the last 50 years—Ist half of the 20th century in Ceylon the population rose by 134 per cent. In Ghana—a very backward country the rise in population there has been 153 per cent, whereas in India it is only 71 per cent. and you will be astonished to learn, Sir, that Ghana's per capita income is several times more than what is prevalent in India. In Ghana there is no industry, no Durgapur, no Sindri, no State bus, no Haringhata milk manufacturing centre—it is a milk manufacturing centre because toned milk is manufactured there. Sir. our Government have got a special knack for picking big men with crude tendencies. For example, you employ retired men in the Excise Department because you know only retired men will be at your beck and call, they will be ready to please you and displease others. Sir, the man who is now in charge here has been suffering from rheumatism and so his mornings and evenings are spent in massaging rheumatism-preventing oil etc. and he is seldom found in his office. Sir, Excise Report has not been published for 8 years. In the last report a note of gratification by the Chief Minister is found where he has pointed out that malt liquor is being taken by people in bigger quantities. Sir, how it has happened? A gentleman most probably some Banerji who belongs to the district of Hooghly and who is a friend of the Congress leader there-I shall not divulge the names of the people who are friends of this Mr. Banerji—has a company or a firm there—the name of the firm is Indian Drug Laboratory—a very big name. However, this company has been given a licence to open a distillery at Tiljala in Calcutta. This is

how you are trying to induce people to take more liquor. Now, this company is manufacturing liquor which has been declared by the most unimpeachable authority, namely, Messrs. R. V. Briggs' and Company to be unfit for human consumption and that liquor is being sold and no one is going after it. Men go after people who take ganja, chandu, charas, cocaine, morphia but nobody goes against these people. Sir, liquor can be very easily prepared now by mixing methylated spirit which will cost you 6 annas and there will be some more expenses and two bottles of this sort of liquor will be made and it will be sold at Rs. 2 or Rs. 3 a bottle. The people of the Excise Department will never follow these people who are manufacturing this type of illicit liquor and who are responsible for various crimes of goondaism in Calcutta and in the suburbs People of the Anti-Corruption Department also know it but they are also afraid of these people.

Then the inevitable retired gentleman is ruling supreme in the Health Department. I am sorry for the Health Minister. I am connected with the R. G. Kar Employees' Union. I know the Health Minister was never called to attend any joint conference, any deliberation which took place in order to avoid or in order to come to a settlement with regard to the strike notice of the workers. That gentleman is there. What is he? He is a Sabyasachi. He is everything. He is the President of the Nursing Council for unavoidable reasons, for personal reasons. He is the Member of the Public Service Commission. He is the Secretary of the Health Department and he is the Director as well. He is a Government pensioner drawing pension from the Central Government. That gentleman is there I have got documents to show that his nature is to exploit the poverty of the poor nurses. He knows how to silence those people who may create an atmosphere of anti-propaganda against him. This gentleman is very effi-cient and he is a Brutus. That is why he is an exceptionally honourable man. He had the good distinction of spending only about 3 to 4 lakhs of rupees for the R. G. Kar Medical College for which there was provided a sum of rupees fourteen lakhs last year and that is why there has ben trouble in that college. The inevitable gentleman is there; he will not leave his post. The Health Minister is simply a puppet in his hand. He has recruited three dozens of assistant directors. Nobody has ever seen their faces in the metropolis. People are being told that these assistant health directors are rolling about and grazing in the fields throughout the length and breadth of West Bengal, from the Himalayas to the Sunderbans, but their physical presence has not been felt by the Health Minister. Then he dealt very badly with the Ayurvedic State Faculty and with the Homocopathic State Faculty. These are the stories. I have little time at my disposal to deal with them in greater detail.

There is another gentleman, or a group of happy companies in the State—the Electricity Board. The Hon'ble Bimal Chandra Sinha knows a bit of the inside story of the activities of the Electricity Board. He knows how implements and machineries worth about 15 lakhs of rupees were purchased from the Panagarh depot under the Disposals. The implements and machineries have vanished or are in the vanishing stage. There has been no stock-taking. The Electricity Board—in order to oblige the ruling class in West Bengal—have not been able to earn just the sum of Rs. 1 lakh to the electricity charges incurred for the Kalvani Congress. The Organisers of the Kalvani Congress have not been able to pay Rs. 1 lakh to the Treasury of the State. The Brooklyn Ice Plant is there from which various engines—diesel engines, etc.—were purchased; they are varnishing and some of them have vanished.

[7-10 7-20 p.m.]

Now, two gentlemen, both of them are duds—they are told honourable gentlemen—one is at the top of the machinery—they are now just trying to leave West Bengal or Calcutta—one has been selected for a post in the Hindusthan Steel Plant (Private) Ltd. and the other is after a job in the Manipur State. These are the two gentlemen.

Sir, through you I beg to draw the attention of the Ministry to the possibility of declaring or extending the jurisdiction of the City Civil Court. City Civil Court may be, in the matter of jurisdiction, at par with the City Civil Court of Bombay. The result will be that there will be less accumulation of cases and more earning for the Government because for each and every case in the High Court session or in the High Court ordinarily Government earns much less as the High Court fees in Calcutta are the lowest in India. So the jurisdiction of the City Civil Court can be expanded; more so because the Court is being removed to a new commodious, spacious building. Nowhere we have got a hint from the Minster-in-charge or the Chief Minister that something is going to be done in that respect.

In the matter of Sales Tax, may I ask this question whether it is a fact that in 1957 the Hon'ble Dr. B. C. Roy attended a meeting of the National Development Council where it was decided that sales tax on books should be removed. Following that decision, Bombay, Madras, Andhra, Delhi, Kerala, Punjab, Madhya Pradesh, U.P., Himachal Pradesh, Rajasthan, Kashmir, all these States abolished this tax on text books. Why not in our province?

[At this stage the red light was lit.]

Mr. Speaker: Mr. Bhattacharjee, I will tell you what has happened today. By obliging honourable members the position is this. The time which is required for today's sitting is more than an hour more if I have got to hear four more honourable members. I have been repeatedly telling you that if each and every honourable member asks for two, three, four or five minutes more, it becomes interminable and tomorrow you will expect to hear—will you not?—the Chief Minister, you will expect to hear the Food Minister, you will expect to hear the Labour Minister and there will be no time for the private members. I have explained the position clearly to the Secretaries of all the parties and also to several private members.

8j. Kanai Lai Dey:

মাননীয় দপীকার মহোদয় আমাদের মুখামন্ত্রী অর্থামন্ত্রীরূপে ১৯৫৯-৬০ সালের যে বাজেট পেশ করেছেন তার সমর্থন করতে উঠে কয়েকটি কথা বলছি। এই বাজেটে দেখা বাজেই ১৯৫৮-৫৯ সাল অপেক্ষা শতকরা ২৫ তাগ বায় ব্রাখ্য ধরা হয়েছে। বিবিধ উয়য়নম্লক খাতে এই বায় বরাদ্য রাখা হয়েছে। অবশা একথাও সভা যে, ১৯৫৮-৫৯ সাল অপেক্ষা শতকরা ২৫ তাগ আয় ব্রাধ্যরও হিসাব ধরা হয়েছে। এই বাজেটে জনসাধারণকে হতভব ক'রে দেবার মত চাঞ্চলাকর কিছু নাই বটে কিন্তু এতে স্পির ও ধারভাবে সর্বাখ্যারণ উয়য়ননের পরে পদক্ষেপ করার নিদেশি দেবতে পাওয়া যায়। প্রাদেশিক সেলস ট্যাক্সএর খাতে আমাদের আয় অনেকটা পরিমাণে বেডে গেছে, ভূমিরাজস্ব আদায়ের পর্যায়েও আয় ব্রাধ্য দেখা বায়। আপনি জানেন স্যায়, কেন্দ্রীয় সাহায়োর উপর প্রাদেশিক বাজেট অনেকটা পরিমাণে নির্ভার করে। ইতিপ্রে পিন্চম বংলায় আশান্ত্রপ সাহায়্য কেন্দ্রীয় তহবিল হ'তে পাওয়া বায় নি। এর ফলে পাচসালার কাজ ঠিকমত অগ্রসর হয় নি এবং বাকি দুই বংসরে পরিকল্পনার কাজগালি করতে কিছুটা বিদ্য ও বিলম্ব দেখা দিতে পারে, তাতে পশ্চিম বাংলার পক্ষে যথেন্ট অস্ক্রিধা হবে বটে কিন্তু কিছু বিলম্ব হ'লেও কাজগালি নিশ্চরই সম্পূর্ণ হবে এ বিশ্বাস রাখি। জনসাধারণের দিক দিয়ে বিচার করলে দেখা যাবে এই বাজেটে নতুন কর বসাবার চেন্টা করা হয় নি। এতে করভারাজানত জনসাধারণের দিক দিয়ে বিচার করলে দেখা যাবে এই বাজেটে নতুন কর বসাবার চেন্টা করা হয় নি। এতে করভারাজানত জনসাধারণের দিক দিয়ে বিচার করলে দেখা যাবে এই বাজেটে নতুন কর বসাবার চেন্টা করা হয় নি। এতে করভারাজানত জনসাধারণ নিশ্চরই একটা স্বস্টির নিশ্বাস ফোবেন।

এখন আমি জেলাবোর্ডগালে সম্বন্ধে কিছু বলব। পশ্চিম বাংলার জেলাবোর্ডগালির আর্থিক অবস্থা খুবই শোচনীয়। তাদের বাংসরিক আয় পূর্বের থেকে বেশি বৃদ্ধি পায় নি কিম্ত বাংসরিক ধরচ অনেক বেড়ে গিয়েছে। কারণ আগে জেলাবোর্ডের কর্মচারীদিগকে বে টাকা মাইনা দিতে হ'ত এখন মাগ্গী ভাতা ইত্যাদি যোগ করে অনেক বেশি টাকা দিতে হর। ঠিক বের্প প্রে এক মাইল রাস্তা মেরামত করতে যে টাকা থরচ হ'ত এখন সেই এক মাইল রাস্তা মেরামত করতে ঢের বেশি ধর্ম হবে। যদিও সরকার উল্লয়ন করার জন্য কিছু রাস্তা জেলাবোর্ডের আওতা হ'তে নিজেরা গ্রহণ করছেন কিন্তু তার সংখ্যা খুব কম। উদাহরণ-স্বর্প আমি হুর্গাল জেলার কথা বলি। প্রথম পাঁচসালা পরিকল্পনার আগে জেলাবোডের আওতার ১,০০০ মাইলের কিছু বেশি রাস্তা ছিল। এর মধ্যে দু'টি পাঁচসালা পরিকল্পনার দ^{ু'} শ' মাইলের কিছু বেশি রাস্তা সরকার গ্রহণ করেছেন। বাকি এখনও প্রায় ১.১০০ মাইল রাস্তা জেলাবোর্ডের আওতার রয়েছে। এই রাস্তাগর্নিল মেরামত করার মত অর্থ জেলাবোর্ডের কোথায়? কোন কোন জেলাবোর্ডে ডিস্টিক্ট ইঞ্জিনীয়ার, ওভারসিয়ার এবং সাব-ওভারসিয়ার আবশাকমত নাই। তার কারণ প্রোনো আইন অনুযারী যেরকম কোরালিফারেড এবং এস্ক-পিরিরেন্সেড এইসব টেকনিক্যাল হ্যান্ডস জেলাবোর্ডে রাখা নিয়ম তা রাখতে গেলে অনেক বেলি টাকা মাইনা, মাগ্গী ভাতা ইতাাদিতে দিতে হবে। এদিকে সরকারও কম অভিজ্ঞ লোক রাখার পক্ষপাতী নয়।

জেলবোর্ডের পরিচালনাধীনে কিছু কিছু দাতব্য চিকিংসালয় আছে কিন্তু অর্থের কৃচ্ছাতা হৈতু এইসব দাতবা চিকিংসালয়ে যত ঔষধ ইত্যাদি দেওয়া আবশ্যক তা দেওয়ার জেলাবোর্ডের ক্ষমতা কোথায়? এসব বিষয়ে সন্ভবমত ব্যবস্থা করার জন্য আমি স্বায়ন্তশাসন বিভাগের এবং অর্থমন্দ্রী মহাশরের দৃশ্যি আকর্ষণ করছি।

এর পরে কিছু কৃষি এবং সেচের কথা বলব। কৃষি সম্বন্থে উভয় পক্ষের অনেক বক্তাই অনেক কিছু বলেছেন। স্তরাং তার প্রনরাবৃত্তি করে সময় নণ্ট করতে চাই না। তবে কৃষিবিভাগের সমস্ত কাজের জন্য একট্ তংপর হবার জন্য কৃষি বিভাগীয় মন্দ্রিমহাশয়কে অনুরোধ করি। কারণ দেখা যায়, আলুর বীজ এবং সারগ্র্লি উপযুক্ত সময় অপেক্ষা অনেক দেরিতে দেওয়া হয়, ঠিক সেইর্প কৃষিঋণ এবং অন্যান্য বীজ সময়মত চাষীরা পান না, তার ফলে বীজ ইত্যাদি কাজে লাগে না এবং কৃষিঋণের টাকাগ্রিল চাষের খরচের পরিবর্তে অন্যান্য বাবতে খরচ হরে যায়।

এ বংসর সমগ্র জণ্গীপাড়া থানা এলাকায় এবং চণ্ডীতলা ও হরিপাল থানার কোন কোন অংশে আদৌ থান চাব হয় নি। এর কারণ অনাব্দিট এবং সময়মত সেচবিভাগ কর্তৃক জলসরবরাহের অক্ষমতা। জণ্গীপাড়া থানা এলাকায় কোন কোন স্থানের অধিবাসীদের সহিত্
জলসরবরাহের চুক্তি ছিল এ বংসর সেসব স্থানেও জল দেওয়া হয় নি। ফলে ঐসব এলাকার
মধাবিত্ত এবং চাষী শ্রেণীকৈ বংখেট দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। আগামী ধান চাবের সময়
থাতে এইসব এলাকায় সময়মত নির্মাত জল পেতে পারে কোন অসুবিধা না হয় তার প্রতি
লক্ষ্য রাধবার জন্য আমি সেচমন্ট্রী মহাশয়কে অনুরোধ জানাছি।

আমি আর দ্ই একটি কথা বলব। আমাদের দেশে কিছ্ই হচ্ছে না একথা বলা ঠিক হবে না। কারণ গত কয়েক বছরে বিভিন্ন পর্যায়ের বহু ন্তন স্কুল এবং কলেজ প্রতিষ্ঠিত হয়েছে এবং এর জনা সরকারকে প্রচুর অর্থবায় করতে হচ্ছে।

[7-20-7-30 p.m.]

বহ, স্কুলের মান উন্নয়ন করা হরেছে। তবে একথাও ঠিক, আরও বহ, শিক্ষা প্রতিষ্ঠান আছে বার কর্তৃপক্ষরা সেই শিক্ষা প্রতিষ্ঠানের মান উন্নত করতে চাইছেন, কিন্তু সব ক্ষেত্রে সরকারের পক্ষে উন্নত করা সম্ভব হর নাই। তাক্ষ বহু কারণ আছে। বেমন, সেই শিক্ষা প্রতিষ্ঠান আপগ্রেড করবার উপবৃত্ত নর, কিংবা সরকারের বরান্দ টাকার মধ্যে বার সম্কুলান হবে না। এ ছাড়া আরও অন্য কারণ থাকতে পারে।

অনেক ক্ষেত্রে দেখা গেছে, বেসব মান্টিপারপাস স্কুল হয়েছে তাদের বে উপবৃত্ত শিক্ষকের দরকার কিস্তু তা পাওয়া বাছে না। তার ফলে উপবৃত্ত টেকনিকালে হ্যান্ডস আগে বোগাড় না করে কাজ আরম্ভ করলে পরে সরকারকে অনেক সমালোচনার সম্মুখীন হ'তে হয়। অনেক ক্ষেত্রে দেখা গেছে হাসপাতালের বাড়ি তৈরি হয়েছে, কিন্তু উপবৃত্ত ভাছার না পাওয়ায় হাসপাতাল আরম্ভ করা সম্ভব হয় নি। তাই অনেক সদস্য সমালোচনা করে বলেন বে, বাড়িন্লো নণ্ট হয়ে বাছে। তাই সরকার নাতি নিয়েছেন যে, এন ই এস য়কের ভিতর হাসপাতাল, কুল, তৈরি হবে না, যতক্ষণ না বেসব উপবৃত্ত লোক দরকার তা পাওয়া যাছে ততক্ষণ পর্যাক্ত নতুন করে এইসব জিনিস করা হবে না। কালকে শ্রেছিলাম কোন কোন য়াজনীতিক দলকে জনপ্রির করার জন্য বিভিন্ন জায়গায় মান্টিপারপাস স্কুল করা হয়েছে। একথা ঠিক নয়। এইবার এন ই এস রক সম্বন্ধে কিছু বলব। অনেক জায়গায় দেখা বাছে এন ই এস রকের কাজ আরম্ভ করা হয়েছে কিন্তু সেখানে উপবৃত্ত পটাফ না থাকার জন্য তাদের কাজ ভালভাবে চলছে না। জালগীপাড়া এন ই এস রকে দেখি সেখানে অনেকদিন থেকে রক ওপ্ন করা হয়েছে, কিন্তু যেসব লোক ও জিনিসপত্র দরকার তা পাওয়া যাছে না স্তুরাং সেখানে কাজের অস্ত্রবিধা হছে। সেজন্য এইরকম জায়গায় উপবৃত্ত লোক আগে ঠিক করে কাজ আরম্ভ করলে ভাল হয়।

Sj. Jagadananda Roy:

মাননীয় দ্পীকার মহাশয়, এই সাধারণ বাজেটের আলোচনার মাধামে বিভিন্ন সদস্যেরা বিভিন্ন দিকে বিশেষভাবে আলোচনা করেছেন। এই বাজেটে পশ্চিম বাংলার সাধারণ মান্**ষের** জীবনের প্রভাব দেখা গেল না। সরকারের সামগ্রিক অর্থনীতির পরিবর্তন না হওয়া প্রশৃত কোথাও কোন স্ফল সম্ভব নয়। এই সাধারণ বাজেটের আলোচনাকালে আমি দ্ই-একটি বিষয়ের প্রতি আমার বন্ধবা রাখব।

মাননীয় অর্থমন্দ্রী মহাশয় প্রথমেই তাঁর ভাষণে বলেছেন বে, এবার ভাল ধান হয়েছে এবং সরকার তার সাথে সাথে নতুন মূল্যা নিধারণ নীতিও চালু করেছেন। কিন্তু প্রতিদিন শুনতে পাচ্ছি সর্বত ধানের অভাব। মাননীয় মন্দ্রিমহাশার বালেটে কিছু পরিসংখ্যান দিয়ে খদ্য ফলনের কমবেশির গ্রেছ বোঝাবার চেণ্টা করেছেন কিন্তু নিয়ন্দ্রণের আভাস না থাকায় বলতে বাধা হছিছ এই খাদাসমস্যা সন্বন্ধে জলপাইগ্ডি জেলায় কি অবস্থা হয়েছে তা চিন্তা করা বার না। সেস্বন্ধে একটা উদাহরণ দিতে চাই।

জলপাইগাড়ি জেলা খাদাশস্যে ঘার্টতি জেলা। প্রতি বংসর এই জেলায় খাদাসমস্যা মেটাবার জনা বীরভ্ম, মেদিনীপার, বর্ধমান ও পশ্চিম দিনাঞ্পারের কিছা অংশ থেকে ধান আমদানি করা হয় কিন্তু সরকারের নতুন নীতি বা মূলা নিধারণ আইন করার ফলে সেইসব জায়গা থেকে চা'ল সরবরাহ করা মোটেই সম্ভব নয়। কারণ বিভিন্ন জেলায় বিভিন্ন দর বাধা হয়েছে এবং অন্যানা জেলা থেকে সেই চাল এনে পোষাবে না। গ্রামের বহু লোক এবং জলপাইগুড়ি শহরের লোকেরা আমাকে বিশেষভাবে চিঠি লিখেছে এই হাউসে আসবার পর যে খোলা বাজারে সরকার নির্ধারিত মূল্যে চাল কোথাও পাওয়া যাচ্ছে না। অনেকগ্রলি রাইস মিল জলপাই-গ্রভিতে আছে। ময়নাগ্রভি, ফলাকাটা প্রভৃতি জায়গায় এইসব রাইস মিলের মালিকের। किছ তেই ন্যাযাম ল্যে বা সরকার নির্ধারিত ম ল্যে চাল ছাড়ছে না। ভারা নিজেরাই 'হোলসেলার' ডিলার হরে প্রায়ই বেনামীতে চাল পাচার করছে এবং বেশি দামে স্থানীর চা-বাগানগালিতে সরবরাহ করার চেন্টা করছে। যারা হোলসেলার এবং রিটেলার তাদের কাছে চা'ল চাইতে গেলে সেখান থেকে ১৭॥০ টাকা বেটা ১৬-২৫ নরা পয়সা বার দাম—তাতে বেশি দামে কিনতে হয় এবং সেই চ'লের বস্তারও আলাদা দাম দিতে বাধা করে। সেই বস্তার দাম ৮১ নরা প্রসা এবং তা প্রেরার এইসব মিলমালিকদের কাছে বিক্তি করে এবং প্রতিটি গ্রামে গিরে কুবকদের কাছ থেকে উচ্চম্লো ধান নিয়ে মজত করছে। আপনি তদত করলে দেখতে পাবেন হৈ এইসব করবারীর কাজ বেনামীতেই বেশি, তাদের লেখালেখির বালাই নেই কারণ সরকারকে লেভি প্রথার জন্য চাল ২৫ ভাগ দিতে হবে কিন্তু এইসব বেনামের কারবারে হিসাবপত ঠিক-त्रकम वाक्या ना थाकात करण अनुकातक रमणे कीकि मिरक्न धरा धरे २६ छात्र हाल स्वश्चात জন্য যে অফিসারকে নেওরা হয়েছে সেই অফিসারও অনেক সমর অনুপশ্বিত থাকেন এখন কথা হচ্ছে, এইভাবে স্থানীর বাজারগৃলিতে বেশি দাম দিরে চা'ল কিনে অনাের বেনামীতে সেই চা'ল অনাত্র মৃত্তু করে, এতে সেখানে কৃত্রিম অভাবের সৃত্তি হরেছে এবং সেখানকার জনসাধারণ হাহ্তুলশ ক'রে দিন কাটাছে। এজন্য সরকার থেকে বিশেষ ক'রে নাাবাম্লাের দােকান খােলার চেন্টা করা উচিত। এই হাউস আরম্ভ হওয়ার সমর মাননীর মন্ত্রিমহাশের বলেছিলেন বে, নাাবাম্লাের দােকানে রেশন কার্ড মারফত চা'ল দিতে পারবেন। আমার বন্তবা —িমলমালিকদের কাছ থেকে ২৫ পারসেন্ট লেওয়ার পর বাকি ৭৫ পারসেন্ট যা মিলমালিকদের কাছে রইল সেটা কি তারা নাাযাম্লাে বিক্তি করতে পারবেন? আমি সেইজনা সরকারকে অন্রোধ করি বে, সম্প্র্টাই লেভি প্রথার নেওয়া উচিত এবং রিটেলারের মাধ্যমে বিক্তি

বিশেষ ক'রে একটা রাইস মিলের কথা বলব মেটাল ব্রাদার্স রাইস মিল—ফলাকাটা থানার অধান—সেটা একটা ইটভাগুরে চালাঘর ছিল, সেখানে হাস্কিং মেশিন বসানোর পর কিছুদিন পরে দেখলাম সেই হাস্কিং মেশিন বিরাট রাইস মিলে পরিণত হয়েছে। আমি জানতে চাই, ভারত সরকার কর্তৃক এই চা'লকল নিয়ন্দ্রণ আইন করবার পরে নতুন ক'রে কেউ চা'লের কল করতে পুরেবে না। স্তুতরাং আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, এই মিলমালিক এই কল করবার অনুমতি কোথা থেকে পেলেন? এইভাবে আইন থাকা সত্ত্বেও দিন দিন যেভাবে বড় বড় চা'লের কল এবং হাস্কিং মেশিন গ্রামে বসানো হচ্ছে তাতে আমি মনে করি দেশের সর্বনাশ ডেকে আনা হচ্ছে, কারণ ঢেকি বন্ধ হওয়ার বেকারির স্থিত হচ্ছে।

[7-30—7-35 p.m.]

কৃষিখাতে যে টাকা বরান্দ হয়েছে সেটা আমি খ্ব কম ব'লে মনে করি এবং বছর বছর যে পরিমাণ টাকা খরচ হচ্ছে তাতে ক'রে আমি বিশেষভাবে জাের দিয়ে বলতে পারি যে, জলপাই-গা্ডি জেলায় কৃষির এমন বিশেষ কিছ্র উন্নতি হয় নি। সেখানে ৫টা খানায় এন ই এস রক করা হয়েছে। অধিকাংশ সময় এইসমস্ত রকে অফিসার থাকেন না। এক একটা রকের পেছনে ১২ লক্ষ ক'রে টাকা দেওয়া হয়়। এইভাবে লক্ষ লক্ষ টাকা ছেড়ে দিলেই যদি সরকার মনে করেন যে, দায়িছ শেষ হয়ে গেল তা হ'লে আমি বলব যে, এর ব্বারা কিছ্রই হবে না। রক অফিসের অফিসারের সপ্পে জনসাধারণের বিশেষ যোগাযোগ থাকে না। তা ছাড়া যে পরিক্রণনাগ্রিল আছে তার মধ্যে যেমন ক্য়া সম্বশ্ধে ৭০০ থেকে ১,০০০ টাকার মধ্যে য় কিটানিউলন বাবত পাবিলককে দিতে হবে এবং ৫০ পারসেন্ট জনসাধারণকে দিতে হবে সেটা গ্রামের লোকের পক্ষে একেবারে অসম্ভব। আমি আর একটা জিনিস সম্বশ্ধে আপনার কাছে অন্রোধ করব যে, উক্ত জেলায় যে পরিমাণে জমি খাস হয়েছে সেই খাস জমিতে কিছ্র কিছু ফাম তৈরি ক'রে সেখানে গ্রামীণ মধ্যশিক্ষায় শিক্ষিত যেসব য্বক ছেলেরা আছে তাদের সেখানে এগ্রিকাল-চারাল স্কলের স্থোগ দেওয়া হোক।

Mr. Speaker: Before we rise today I may say something about timing tomorrow. I have made a rough calculation that tomorrow some Ministers—not all Ministers—will speak—at least four of them, namely, the Chief Minister, the Food Minister, the Education Minister and the Labour Minister and taking into account the recess the Ministers will take 2½ hours and if we sit till 8 o'clock the Opposition members will get 2½ hours. So, I would appeal to the members not to ask for time to complete their sentence or to add half a line as that would not work well. Those who will get additional time may feel happy over it but there will be those who will not get any time and they will be disgruntled and unhappy. So, please do not request me tomorrow for any time beyond the scheduled time. The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly-adjourned at 7-34 p.m. till 3 p.m. on Thursday, the 19th February, 1959, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 19th February, 1959, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble Sankardas Banerii) in the Chair, 14 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 211 Members.

[3-3-10 p·m.]

Adjournment motion

8]. Satyendra Narayan Mazumdar: Sir, I am reading out my adjournment motion which you have disallowed. It runs as follows:

"This Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., the illegal and forcible seizure of paddy from the tillers of lands vested in the Government by the previous owners of these lands in the Siliguri subdivision."

A large number of cases have occurred very recently

Mr. Speaker: Do not read the statement.

General Discussion of the Budget for 1959-60.

Sita. Manikuntala Sen:

মাননীয় সভাপতি মহাশয়, বাজেউ আলোচনার মারফত সরকারের সামনে কলকাতা মহানগরীয় নানাবিধ সমস্যার কথাই আমি তুলে ধরতে চাই। কলকাতার নানাবিধ সমস্যার কথা সকলেই জানেন। আমরা আশা করেছিলাম এই বাজেটে তার সমাধানের জনা কিছু কিছু প্রস্তাব থাকরে। কিস্তু বরাবরের মতো এবারও আমরা এই বিষয়ে হতাশ হয়েছি। বহু শতাস্পার ইতিহাসধেরা গোরব ও ঐতিহামিণ্ডত এই কলকতা শহর শ্ব্ পশ্চম বাংলার নয়, সমগ্র ভারতের গরের বিষয়।. কিস্তু বর্তামানকালে এই সহরে বাস করাই একটা কঠিন সমস্যা হয়ে দাভিয়েছে। কলকাতার রাজনৈতিক, অর্থনৈতিক গ্রেছ্ব্শির সপ্রে প্রে কিটন সমস্যা হয়ে দাভিয়েছে। কলকাতার রাজনৈতিক, অর্থনৈতিক গ্রেছ্ব্শির সপ্রে সপ্রে কিটন সমস্যা হয়ে দাভিয়েছে। কলকাতার রাজনৈতিক, অর্থনৈতিক গ্রেছ্ব্লিথরে সপ্রে সপ্রে বিয়য়।. কিস্তু বার সপ্রে তাল রেথে বাড়ে নি এখানে বাস করার জন্য দৈনন্দিন জীবনাহারে উপকরণ এবং অন্যান্য আনুর্যাপ্যর বারক্রাদি। প্রথমেই বলা যেতে পারে বাসগ্রের অভ্যাবের কথা। দ্বতীরটা হ'ল পানীয় জল। এই দ্বটা জিনিসই এই কলকাতা সহরে হাতে আকাশের চাদ পাওয়ার মতো দ্বপ্রাপার বন্ধে যাবার সম্ভাবনা হয় তে৷ হতে পারে, কিস্তু বাসগ্রহ ও পরিক্তৃত জল এই কলকাতা সহরে কমেই দ্র্লভি হয়ে উঠছে। এই মহানগরীর সমস্যা সমাধান নিরে মাঝে মাঝেই নানা রকম পরিকল্পনার কথা শ্নেতে পাওয়া যায়—এমন কি ম্থামন্দ্রী মহাশয় পর্যাকত Slum clearance, salt lake reclamation

ইত্যাদি কথা বলে আমাদের আদ্বস্ত করেন, কিন্তু কলকাতার অবন্ধা বধাপ্রং তথা পরম। এই অবন্ধাই বে শৃধ্ থেকে বাছে তাই নর, প্রতি বংসর সমসা। বেড়েই বাছে। বন্তি এলেকার পানীর জলের অভাবের কথা এবং সেখানকার নরকসদৃশ দ্রেনের কথা আজ প্রবাদ বাকোর মতোই হয়ে দাঁড়িয়েছে। সামানা এক পশলা বৃদ্ধি হলে এই মহানগরী কলকাতার এমন কি বড় বড় রাস্তারও জল জমে গিরে বে অবন্ধার সৃদ্ধি হর তাতে বাস্তবিক লক্ষা পাওয়ার কথা। ট্রাম, বাস-এ বে জন্মা ভীড় ও ঠেলাঠেলি সব সময় এবং বিশেব করে অফিস টাইমে দেখা বার তা এই মহানগরীর পক্ষে সভিট্ট সম্পানহানিকর। হাউসিং সমসারে সমাধান, ক্রট পাতের অকন্ধার

উন্নতি, ট্রাম, বাস-এর সংখ্যাব্রাম্থ করা ছাড়া কলকাতায় শান্তিপূর্ণ সভ্য জীবন বাপন করার কল্পা ভারা বার না। তার উপর আবার আছে প্রতি বছর কলেরা ও বসন্তের আক্রমণ। শীতের পর বেমন বসনত আসে তেমনি কলকাতা সহরে প্রতি বংসর বসনত ও কলেরার আবিভাবও একটা পাক্ততিক নিয়ম হয়ে দাঁডিয়েছে। এই দু'টো রোগ প্রথিবীর অন্যান্য সভ্য দেশ বেণ্টিয়ে বিদাহ করেছে: কিল্ড এই কলকাতার প্রতি বংসর কম করে হলেও অল্ডতঃ দু' হাজার লোক এই সব রোগে প্রাণ দিয়ে থাকে। তারপর, কলকাতার স্বাংস্কৃতিক আবহাওয়া ও মানের কথা না বলাই ভাল। একটা স্টোডিয়াম তৈরি করার জন্য বোধ হয় এক লক্ষ কথার বেশি বলা হয়ে গিরেছে। কলকাতার ध्यमाधामात्र वावन्था कार्यका वाकारतत्र मेठ दर्ख वरमहा। আक भर्यन्ठ वक्यो कार्यीय नार्वामामा তৈরি হল না, যে কারণে শিশির ভাদ,ড়ী মহাশয় ভারত-সরকার প্রদত্ত পেতাব পর্যন্ত প্রত্যাখ্যান করলেন। এই কংগ্রেসী শাসনের সর্বশেষ আশীর্বাদরূপে কলকাতার মধ্যবিত্ত নাগরিকদের আরেকবার বাস্তৃচাত করবার চমৎকার বাবস্থা হয়ে গিয়েছে। কলিকাতা কপোরেশনের নতুন ভ্যালুরেশনে কলিকাতার বাসিন্দাদের তাদের পৈত্রিক বাসগৃহ রক্ষা করাই অসম্ভব হয়ে পড়েছে, কেন না নতন ভ্যাল রেশন-এ বাডির ট্যাক্স ৩০০।৪০০ পারসেন্ট বেড়ে গিয়েছে—এই ধরনের ট্যাক্স ব্রান্ধিকৈ পাগলামি না হয় শয়তানি ছাড়া আর কিছ, আমি কল্পনা করতে পারি না। একটা বাডির ট্যাক্স राशान हिम ८२ प्रेका स्मिपे तर्फ इरस्ट ১२७ प्रेका। महरत्त्व मित्नमा हाफ्रेमश्रामित त्वनाय কিন্তু অন্য ব্যবস্থা হয়েছে—আমি এখানে তার একটা আ্যপ্রস্থিমেট হিসাব দেব রাফ ফিগাবে কিভাবে সিনেমাগ্রনির ট্যাক্স ধার্য হয়েছে নতুন মিউনিসিপ্যাল আইনে—মেট্রো সিনেমার ওল্ড আাসেসমেণ্ট ছিল ৬৪ হাজার, নতুন আসেসমেণ্ট হ'ল ৪০ হাজার, রক্সি সিনেমা হলের আগে ছিল ৭৪ হাজার, বর্তমানে হয়েছে ৩৪ হাজার, রিগ্যালের ভ্যাল,য়েশন ছিল ১৮ হাজার, বর্তমানে ৫ হাজার, মিনার্ভার আগে ছিল ৪৪ হাজার, বর্তমানে ভ্যালায়েশন ৩০ হাজার—দেখন কি হারে টাার কমে গিয়েছে এ'দের অপ্রে মিউনিসিপ্যাল আার্ট্রএর কল্যাণে। শুধু তাই নয়, বড়বাঞ্জারের বাডীগালির ট্যান্স বাড়ে নি. কারণ না কি তাদের রেন্টাল বেসিস আসারটেন করা যায় নি। কেউ ভাতিজ্ঞার নামে কেউ ভাশ্নের নামে বেনাম করে রেখেছে বলে না কি কে রেণ্ট দেবে আরু কে দেয় না তা নাকি আসারটেন করা যায় নি. সেইজন্য ওখানে ট্যাক্স বাড়ে নি। প্রসংগত একটা কথা বলা দরকার যে, বড়বাজার থেকে শ্রী জালান নির্বাচিত। কলকাতা মিউনিসিপ্যাল আইনের ১৬৮নং ধারায় এই ধরনের বাবহার আমরা কোন দিন কল্পনার মধ্যেও আনতে পারি না। তাই আমি বলছিলাম যে, কলকাতার বাসিন্দাদের বাস্তুচাত করবার এক চমংকার পাকাপাকি ব্যবস্থা হরে গিয়েছে। এ নিয়ে আমরা ডাঃ রায়ের সংগে দেখা করতে গিয়েছি—মিঃ জালানের সংগ্র দেখা ক'রে তো লাভ নেই, তিনি তো শিবনেত হয়ে ব'সে থাকেন—এই ধারা পরিবর্তন করবার জনা ডেপ্টেশনের পর ডেপ্টেশন গিয়েছে, মেমোরান্ডামের পর মেমোরান্ডাম দেওরা হয়েছে তিনি কোন দিন জবাব পর্যাত দেন নি। তিনি শুধু বলেছেন, ক্যালকাটা কর্পোরেশন স্বায়ন্তশাসন প্রতিষ্ঠান, ওখানে আমার বলার কিছু নাই। আমি যে ওয়ার্ড থেকে নির্বাচিত হয়েছি সেই ৭০নং ওয়ার্ড থেকেই ৫৩৯টি দরখাস্ত করা হয়েছে : আমি জানতে চাই এই স্বায়ন্ত্রশাসন প্রতিষ্ঠান কলিকাতা কপোরেশনে এই ধরনের অরাজকতা আর কর্তাদন চলতে দেওয়া হবে। এই আইনের সংশোধন করে তারা সাধারণ মান্ত্রকে রিলিফ দেবার কোন বাবস্থা করবেন কি না বলুন। এতেই শেষ নয়, এই কলিকাতা সহরে গ্লেডামি, রাহাজানি তো লেগেই রয়েছে। এই নিয়ে প্রলিশের গিয়েও কোন লাভ নাই। কারণ প্রলিসই এর মধ্যে জড়িত আছে—উল্টো বে কিছু বলতে যাবে তার হয়রানি এমন কি জেল হয়ে যাবে। এই নিয়ে কলকাতার মানুষ বিপন্ন হয়ে উঠেছে— তার উপর এই ব্যাপারে বাইরে তাদের উপর গালিবর্ষণ করবার লোকেরও অভাব হয় না। তাঁরা দিল্লীর মান্ত্র—তাঁরা কি করে কলকাতার মান্ত্রের বাথা ব্রুবেন? কিল্ডু আমাদের মন্ত্রিগ তো কলকাতায় বাস করেন, কলকাতারই তারা মান্ত্র হয়েছেন—তারা এই কলকাতার অবস্থা একট্র উপनिष्य करायन ना बठी जामा करा यात्र ना, किन्छु छौरा बठी स्वास्कर कि ना राखाभारनर रहका . থেকে ভা ব্যক্তা পোল না। কলকাতার সর্বাপ্ণীণ উর্লাভ তো দুরের কথা, তার বে সব সমস্যা ब्रस्तरह रमग्रीनंद्र ममाधारमंद्र बनाउ धरे वास्कर्ण कान भगान नाहे, जाद्र बना कान ग्रेका नाहे-धवर **धरे कथा वरमं ७ राम ना**छ नाहे । कांत्रग दाखा वाट्य ना रव, कमकाजात मधना। मधावात्नत নারিছ কার-এ দারিছ কি রেটপেরার সিটিজেনদের, না এতে সরকারেরও দারিছ আছে?

[3-10-3-20 p.m.]

🗦 কারণ বোৰা যাচ্ছে না এই কলকাতার যে বৃহৎ সমস্যা; তার সমাধানের দারিছ কার? পারিছ 🗫 তাদের, রেটপেরারদের, সিটিজেনদের, না সরকারেরও দায়িত্ব আছে? এইটা আমি ভিজ্ঞাস্থ কৈরি। কর্পোরেশনকে দোষ দিয়ে কোন লাভ নেই, কারণ সেখানে কংগ্রেসের শাসন, ও কংগ্রেসের নেতত্ব ররেছে। এখানে আজ পর্যাত আডাল্ট ফ্রানচাইস দেন নি। সমস্ত জগতের কাছে এবং ভারতের অন্যান্য প্রদেশের কাছে কলকাতাবাসীর মাধা হে'ট হয়ে যার। কলকাতার এই আজেকট ফ্রানচাইসের প্রস্তাবটা আমরা প্রত্যেক বছর রুটিনের মত এখানে নিরে আসি এবং ওতরক্তের লোকেরা সেই প্রস্তাবের বিরুম্ধে ভোট দিয়ে বান নির্লাচ্জের মত। আমার বলতে লক্ষা হয় আৰু পর্যক্ত আমাদের এখানে অ্যাডাল্ট ফ্রানচাইসের ব্যবস্থা হ'ল না, আমাদের প্রাণ্ডবয়স্ক লোকদের ভোট দেবার অধিকার নেই। এই অবস্থায় আজ কপোরেশনের শাসনক্ষমতা নিরংকণভাবে কংগ্রেসের হাতে আছে। কলকাতার এই সর্বাঞ্গীণ সমস্যা সমাধানের দায়িত্ব কার? আ**জকে** সমস্যা শুধু কলকাতার সামনেই নিবন্ধ নেই। পার্শ্ববর্তী শি**ল্পাঞ্জ নিয়ে যে বৃহত্তর কলকাতা** ্রুগঠনের সমস্যা, সেই সমস্যা সমাধানের জন্য স্প্রান কোথায়, চিস্তা কোথায়, টাকা কোথায়? এই বাজেটে তার জন্য ব্যবস্থা নেই। আমি মধ্যবিত্ত বাঙালী শিক্ষিত বেকারের কথা তুলছি না এখানকার স্বান্ধ আরোর মানুষ যারা মূলা বৃদ্ধির জনা কন্ট পাছে, তাদের আর্থিক অবস্থার কথাও তলছি না কারণ এই সমসত কথা বলতে গেলে রাজনীতি উঠবে। স্টেট সেইর ভাসাস প্রাইভেট সেক্টরস-এর কথা উঠবে, সমাজতন্ম ধনতন্তের কথা উঠবে। কিন্ত মানুষকে ব**চিতে** গেলে যেসমুহত প্রয়োজনীয় জিনিসের দরকার-যেমন পানীয় জল, আলো, বাতাস প্রভৃতির ব্যবস্থা সরকার যদি না করতে পারেন তা হলে সরকারের এই কাঠাম বন্ধায় রাখার কি অর্থ হতে পারে? এই সকল সমস্যা সম্বন্ধে বেশি বলার প্রয়োজন নেই। আমি শ্বেদ্ দুটা বিষয় উল্লেখ করবোঃ হাউসিং সমস্যার দিকে দেখনে। কলকাতার বাইরের লোকেরা বিশ্বাস করতে পারে না **বে** এখানকার অধিবাসীদের মধ্যে ৫১ পারসেন্ট বাস করে কাঁচা বাড়ীতে। এই কলকাতার সোধমালা দেখে কেউ কি বিশ্বাস করতে পারেন যে ৫১ পারসেণ্ট ফ্যামিলি এখানে কাঁচা বাড়ীতে বাস করেন? এই কলকাতা নগরীর সৌধমালার মধ্যে থেকে ৩০ স্কোয়ার ফুট একটা কাঁচা রুমে স্ত্রী-পত্র নিয়ে জীবন যাপন করেন। এখানে প্রতি বছর এই হাউসের প্রবলেম নিয়ে চে'চামেচি করা হয়, চীংকার করা হয় কিন্তু তার সমাধান হয় না। আজ ১১ বছর ধ'রে কংগ্রেস-সরকার হাউসিং সম্পর্কে মার ৮০০।১০০টি টেনামেন্ট করেছেন তার চেয়ে বেশি নয়। সেকেন্ড ফাইড-ইরার স্বাানে কি হবে জানি না, থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান শেষ হলেই বা কি হবে এই হাউসিং সম্পর্কে তা জানি না। কিন্তু আজ পর্যন্ত তাঁরা ৮০০।৯০০টি টেনামেন্ট ফ্লান্টের বেশি করতে পারেন নি। এবং এও যা করেছেন, তাও সি আই টি ও গভর্নমেন্ট মিলে করেছেন।

যানবাহনের কথা ব'লে লাভ নেই। যাঁরা মোটরগাড়িতে চলাচল করেন, তাঁরা ভাগ্যবান।
তাঁদের কথা আলাদা। কিন্তু যাঁরা বাসে ধন্তাধন্তিত করে বা ঝলতে ঝলতে যান, তাঁদের অবল্যা
একবার চিন্তা করে দেখুন। আমি জিজ্ঞাসা করি বাসের সংখ্যা কেন আরও বাড়ান হছে না?
সাকুলার রেলওয়ে হবার কথা ছিল, তা কি হল? ১০ লক্ষ টাকা খরচ হয়ে গেল তার তদন্তের
এজনা, কিন্তু তারপর আর সে সন্পর্কে কোন ব্যবন্থা অবলন্ত্রন করা হয় নি। এ সন্পর্কে কেন্দ্রায়
সরকারের উপর আমাদের পশ্চিমবাংলা সরকার কতখানি চাপ দিছেন জানি না। তারপর জল
সরবরাহের কথা বলে লাভ নেই। এটা কলকাতার পক্ষে সর্ববৃহৎ কলক। আমাদের লল্ভার
মাখা নেমে যায়, এমন কি ডিরেক্টারের কাছে কড়া মন্তব্য শ্নতে হয়। শ্র্য জল সরবরাহেয়
কথাই নয়, এই জল সরবরাহের সপো নানান রোগের বীজাণ্ সরবরাহ হছে; এমন চমংকায়
ব্যবন্থা পৃথিবাঁর আর কোথাও নেই। এই জল ব্যবহার করে ৬০ পারসেন্ট ফামিলির অস্ত্রে
ভূগতে হয়, অথচ এই জল পরিন্তার করবার জনা কোন ব্যবন্থা নেই। ও'দের এমন চমংকায়
জলের ব্যবন্থা বে, একটা টিউব-ওরেল থেকে ৫০০ হাজার জন লোক জল নেবেন এবং ভাগাবান
ফামিলি বার ঘরে একটি টাপা আছে।

আন্ডার প্রাউন্ড পাইপ প্রতি বছর কন্টামিনেটেড হর সেটা বাঁচাবার বাবন্ধা অভ্যন্ত জর্বরী হ**রে** স্টঠেছে, কিন্তু সরকার নীরব, ও সন্বন্ধে কোন চেতনা আছে বলেই মনে হর না। পান্পিং বসাল ্বন্দরকার, নতুবা জল দেওরা বার না, গণ্গা ব্যারেজ হাতে নিরেছেন এবং ওই গণ্গা ব্যারেজ না **হলে** গণ্পার জল পরিন্দার পাওয়া সম্ভব নর। গণ্পা ব্যারেজের প্রস্তাব বহুদিনকার প্রস্তাব—শুখ, তার অভাবে কলকাতার পানীর জলের অবাকথা রয়েছে তা নর। জল নোনা হয়ে বাছে, পি বাংলার প্রাণকেন্দ্র কলিকাতা পোর্ট পর্যস্ত নন্ট হয়ে যাছে। আমাদের মুখ্যমন্ত্রী প্রিচমবং প্রামাণ্ডলে নতুন প্রাণস্পদ্দন লক্ষ্য করেছেন, কিন্তু সারা পিন্চমবাংলার ধমনীতে রম্ভ চলাচলের একটিমান্ত পোর্ট কলিকাতা পোর্ট, সেই পোর্ট বন্ধ হয়ে গেলে সকল দিকেই যে গ্রাণস্পদ্দন বেবাকে রামাণ্ডলে।

তারপর আর একটি কথা বলতে চাই। বিশ্বাস করবেন কি যে ৫০ হাজার খাটাল পারং আছে এই কলিকাতা মহানগরীর বৃকে? ৫০০ মাইল খোলা স্ত্রেন এই কলকাতাতেই আমেরলা জল সেখানে পড়ে, থকথকে কাদায় ভর্তি আর রাশি রাশি আবর্জনা জমে এমন অবস্পৃথি হয়ে আছে যে সে এক বীভংস ব্যাপরে। আন্ডার গ্রাউন্ড পাইপ আছে—সেখানে এক ইবৃষ্টি হলেই কলকাতা সহর ভূবে যাব র অবস্থা হয়।

হেলথ সেন্টার বা হাসপাতালের কথা বলে কোন লাভ নেই। কিছু কিছু বড় বড় হাসপাত আছে, কিন্তু তার আউটডোরে ঢুকলে মনে হবে গড়িয়াহাটা মার্কেটে ঢুকেছি—যেখানে হার বেডের বাবস্থা সেখানে দেড় হাজার রোগী ঢোকান হয়, এক-একটি নাসের উপর ৫০-৬০ ট রোগীর তদারকের ভার থাকে। সেখানে তাকে হাসপাতাল বলব না পিঞ্চরাপোল বলব? এখ প্রশন হচ্ছে এই সমস্ত কাম্স করা হবে, কিন্তু টাকাটা কোথায় পাওয়া যাবে? কলকাতার এই স্বগ্ন সমস্যা সমাধানের জন্য শ্বে কি রেট-পেয়ারদের উপর নির্ভার করতে হবে? কেন্দ্রীয় সরকাটে কি দায়িত্ব নেই? শ্ৰেভিলাম টাকা দেওয়া হবে, কিন্তু কোথায় সেই টাকা এখনও পৰ্যদ্ত জানি এবং সবচেরে যেটা ক্লোভের বিষয় তা হল যে কেন্দ্রীর সরকার কলকাতা থেকে ইনকাম টাব্স ঢে **বিগেশ্ট** পার্ট, কিশ্চু কলকাতাকে ফেরত দেন এগার পারসেণ্ট। বোশ্বে ১৬ পারসেণ্ট আর ইউ ি ভার চেয়েও বেশি পায়। এ'রা এ বিষয়ে কেন্দ্রীয় সরকারকে কিছু বলেছেন কি না জানি। কিন্তু আজ পর্যন্ত তো কোন কিছুই দেখতে পাচ্ছি ন!। এদিকে কপোরেশনের যাবতীয় সো অব ইনকাম রাজাসরকার নিজে নিয়ে বসে আছেন। কপোরেশনের আয় কোথা থেকে হবে শ্বের রেট-পেয়ার্সদের মারফতে হবে কি সজনোই কি বাড়ীর আ্যাসেসমেণ্ট বাড়ান হচ্ছে এই যদি হয় কি করে কলকাতার সমস্যার সমাধান হবে এবং কপোরেশনের বহুবিধ সমস্যার ি করে সমাধান হতে পারে? আমি শ্ব্দ কলকাত। কপোরেশনের সোর্স অব ইনকাম সম্ব**ে** বলছি না-সমস্ত মিউনিসিপ্যালিটিজ সম্বদ্ধেও আমার বস্তবা। পশ্চিম বাংলার মিউনিসিপ্যালি গ্র্লির অবস্থা অত্যন্ত সংকটের মুখে: কারণ, কোন মিউনিসিপ্যালিটির এত টাকা আয় হয় বে, তাদের বাবতীয় সমস্যার সমাধান করতে পারেন। সেজন্যে সমস্ত মিউনিসিপ্যালিটিজও অর্থ-সংস্থানের কিছু দায়িত্ব যদি রাজাসরকার গ্রহণ করেন তা হলে কর্পোরেশনের পক্ষে বা এ সমশ্ত মিউনিসিপ্যালিটিজএর পক্ষে তালের দায়িত্ব পালন করা একট্ব সহজসাধা হতে পারে আমি তাই রাজাসরকারকে জিজ্ঞাসা করতে চাই তারা এই সমস্যার সমাধান সত্যিই করতে চান সমস্যা বিরাট--সমাধান খুব দুতে করা হয় তো কণ্টসাধা, কিন্তু যতটকু করা যায় সেইটকু করব অন্ততঃ বাবস্থা কর্ন। ১৯৫১ সালের মিউনিসিপাালিটিজ আইন পরিবর্তন করার কথা অনে হরেছে, তার কিছু ধারা বদি বদলানো যায় তা হ'লে বাসম্থান, জল, পায়খানা, ড্রেন এগ্রলির এক <mark>উন্নত ব্যবস্থা করা সম্ভব হ'ত, তা আজ পর্যস্ত হয় নি। আজকে এই হাউসএ একটা প্রতিপ্র্</mark> দিতে জালান সাহেবকে বলব এবং মুখ্যমন্ত্রীকেও বলব বে, তারা এই ১৯৫১ সালের আ পরিবর্তন করে কিছু করবেন। এর সংখ্য বদি টিউব-ওয়েল করে দেন তা হ'লে জলসরবর হে বাবস্থায় কিছ্টো স্থাবিধা হ'তে পারে। বৃহত্তর কলকাতা গঠনের একটা বড় স্ল্যান বদি তা সাহস করে না নিতে পারেন তা হলে এরকম ছোট ছোট স্প্যানএ কি হবে? ভক্টর রায় কল্যাণী সহর করতে চেরেছিলেন, সন্ট লেক করছেন, কিন্তু এসবে কিছু হবে না, সন্ট লেক শেষ পর্যা আর একটি কল্যাদী না হরে দাড়ায়ু; সে আশধ্কা পরিপূর্ণ ররেছে। একমাত্র নর্থ সদ্ট লে करत स्थाना वारक २८ शकात अकत क्रिम छेन्यात कता वारत-भत्र शरत ६४ रकाँछि होका अर লেখানে কেড লক্ষ মত লোককে বসান বাবে।

[3-20-3-30 p.m.]

তাতে করে এই কলিকাতার সমস্যা সমাধান করা বাবে না। একটা কেন এই রকম দুইটি সল্ট লেকের উন্থার করলেও কলিকাতার সমস্যার সমাধান হবে না। কারণ কলিকাতার চতুম্পার্টেব বৈ সমস্ত লোক সমাগম হয়েছে, তাতে কলিকাতা নিম্নে নিজেই বেড়ে বাছে। কোন চেন্টা বাতিরেকে কলিকাতা নিজের গরজে টালিগঞ্জে বাডছে, উত্তরে বাডছে, দক্ষিণে বাডছে, পশ্চিমে বাডছে, পর্বে বাড়ছে। সরকার বাড়ান নি বা কোন ক্ল্যান মারফত বাড়ে নি, আনক্ল্যান্ড ভাবে সমস্ত বেড়ে কলিকাতা গঠন করা যায় তা হলে বাস্তবিকই আমাদের যে গবের বিষয় কলিকাতা, সেই কলিকাতাকে সত্যিকারের রূপ দেওয়া যাবে। এবং এই বৃহত্তর কলিকাতার জায়গার অভাব নেই। আমরা শ্রেছি আপনাদের হাতে এই রকম একটা স্লান আছে যেটা দেওয়া হয়েছে ইঞ্চিনীয়ার্স আন্ড আর্কিটেক্টস আন্ড টাউন-স্ল্যানার্স আসোসিয়েশনের তরফ থেকে, একটা মাস্টার স্ল্যান তারা দিয়েছে, তারা সেখানে স্পারিশ করেছে যে জায়গার জন্য কল্যাণীতে ছুটতে হবে না বা সল্ট লেক-এ এইভাবে টাকা ব্যবহার করবার দরকার নেই। তারা বলেছেন যে, প্রায় উন্নত বে সমস্ত জায়গা কলিকাতার চারপাশে আছে, দমদম টালিগঞ্জ প্রভৃতি এলাকা সেখানে মানুহে বসবাদ कद्राष्ट्र, मिथारन यीम भण्भा वारित्रक वीध करत क्रमीनकारणत माधात्रण वावन्धारे कु करत रमश्रम इत তা হলেই সেই জমি উন্নত হবে। এবং এই জমিতে এমনিতেই মানুষ বসতি স্থাপন করেছে, বাস্তহারারা বসতি স্থাপন করেছে সরকারের অর্থ না নিয়ে নিজেদের চেন্টায় নিজেদের সামর্থে তারা বসতি স্থাপন করে জমি উয়ত কবে তলেছে। সেই সমস্ত এরিরাকে যদি স্থানের মধ্যে নিয়ে আসা হয় তা হলে তাঁরা এই প্লানে বলছেন যে ২৭ হাজার একর জমি উন্নত করবার **প্লান** তারা নিতে পারবেন এবং এতে খবচ হবে ১০৪ কোটি টাকা। আমার মনে হয় এবং সকলেই এই কথা মনে করবেন যে সল্ট লেকের চেয়ে এই প্রস্তাব অনেক বেশি লোভনীয় এবং অনেক বেশি কম খরচে হতে পারে। বেশি লোকের বসতি এখানে হতে পারে এবং তারা বলছেন ১৭ লক নতুন লোকের বসতি দিতে পারবেন। সেখানে যে লোক আছে তার চেয়েও ১৭ লক্ষ নতুন লোকের বসতি করা সম্ভব হবে যদি সাধারণ জলনিকাশের বাবস্থা এবং একটা রাস্তা করা যায়, একটা বৃহত্তর পরিকল্পনার মধ্যে যদি নিয়ে আসা হয়। এটা নিয়ে আসতে শুধুমাত উৎসাহের প্রয়োজন একট্ব সংহসের প্রয়োজন। টাকার প্রয়োজন, কিন্তু টাকার অভাব নেই, টাকা পশ্চিমবণ্গ-সরকারের নিজের আছে। কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের প্রাপা টাকা। **এই সিটিকে বাড়াবার দায়িত্ব** শুধু পশ্চিমবাংলা সরকারের নয়, এই সিটিকে নতুন করে গড়ে তুলবার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের ও পঞ্চবার্যিকী পরিকল্পনার মধ্যে নিশ্চয়ই এই সহরকে সাম্পর করে গোড়ে তুলবার জন্য টাকা থাকা উচিত, এবং এই টাকা আমরা দাবী করতে পারি। পশ্চিমবণ্য-সরকার এখানে পরিম্কার বল্ন কেন্দ্রীয় সরকারের কাছে এই টাকা দাবী করে কলিকাতা সহরকে নতুন করে গড়বার প্রস্তাব তারা গ্রহণ করবেন কি না? সমস্ত পাবলিক তার পিছনে দাঁড়াবে, আমরা অপোঞ্জিশনও তাঁলের সংশ্য থাকবো এবং থেকে এই কলিকাতাকে নতন করে গড়ে তলবার জন্য সমস্ত রকম সহযোগিতা দেবো। আমরা কমসেকম এই প্রস্তাব অণ্ডতঃ এখান থেকে নিই যে একটা এক্সপার্টস কমিটি করা হোক, সেই এক্সপার্টস কমিটি বিবেচনা করবে কি করে এ**ই বৃহত্তর কলিকা**তা <mark>নির্মাণ করা</mark> .घटा भारत, कर्लानकारमत वावस्था, कल भतवतारात वावस्था, खुन, भारेभ, नर्मभात वावस्था, अक्टे. আলোজলের বাবস্থা কি ক'রে করা যেতে পারে। এইসব কাজের জন্য একটা এক্সপার্টস কমিটি করা হোক। তাদের প্রস্তাব বিবেচনা করা হোক এবং অপোজিশনকে নিয়ে একসংশা বসে চিন্তা ক'রে একটা স্পান সাহসের সংগ্য গ্রহণ করা হোক এবং তার টাকা সংগ্রহের জনা কেন্দীয় সরকারের কাছে প্রস্তাব রাখা হোক। এই প্রস্তাব এমন কিছু কঠিন জিনিস নয় যে তা প্রত্যাখ্যান করবেন। আমি আশা করি কলিকাতা নগরীর বাস্তবিক যে পরোনো ঐতিহ্য সেই ঐতিহ্য যদি বজার রাখতে চান এবং কলিকাতা নগরীকে যদি তার মর্জাদায় প্রতিষ্ঠিত করতে চান তা হলে তারা এই প্রস্তাব গ্রহণ করবেন এবং বৃহত্তর কলিকাতা নির্মাণে তারা **অগুণী হবেন।**

Sj. Nishapati Majhi:

মাননীয় স্পীকার মহাশয় আমাদের অর্থমন্ত্রী মহাশয় বাজেটে বে কথা বলেছেন আমি সে কথাই আজ এখানে দৃঢ়ভাবে বলছি বে, এ রাজ্যের প্রতিটি কাজ দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত

